

ইয়েমেন সফরের পরামর্শ

ইয়েমেনের নিরাপত্তা পরিস্থিতি এখনো স্পর্শকাতর হয়ে রয়েছে। রাষ্ট্রসংঘ ইয়েমেনের মানবিকতার সংকটকে সর্বোচ্চস্তরে উন্নীত করেছে। খাদ্যের সরবরাহ, রান্না গ্যাস, ডিজেল, পেট্রোলের অপ্রতুলতা আজও চলছে, পানীয় জল ও বিদ্যুতের সরবরাহ ব্যাহত। সংঘর্ষ এবং বোমা বর্ষণ এখনও অব্যাহত। ভারত সরকার ইতিমধ্যেই নাগরিকদের ইয়েমেনে সফর না করার জন্য পরামর্শ দিয়েছে। যেহেতু ইয়েমেনে স্বাভাবিক অবস্থা ফিরতে সময় লাগবে, তাই ভারতীয় নাগরিকদের আরো একবার ইয়েমেনে সফরে নিষেধ করা হচ্ছে।

নয়াদিল্লি

৩০ জুলাই ২০১৫